দর্শনায় বিলবোর্ড ভাঙাকে কেন্দ্র করে বিএনপি-জামায়াত সংঘর্ষ, আহত ১০

চুয়াডাঙ্গার দর্শনার কামারপাড়া গ্রামে বিএনপি মনোনীত ধানের শীষ প্রতীকের প্রার্থীর বিলবোর্ড ভাঙাকে কেন্দ্র করে বিএনপি ও জামায়াতের দুই পক্ষের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। এতে উভয় পক্ষের মোট ১০ জন আহত হয়েছেন। ঘটনার পর উভয় পক্ষই দর্শনা থানায় পাল্টাপাল্টি অভিযোগ দায়ের করেছে।

গতকাল মঙ্গলবার রাতে বিএনপি ও জামায়াত নেতারা থানায় পৃথক অভিযোগ করেন।

স্থানীয় সূত্রে জানা যায়, সোমবার গভীর রাতে ধানের শীষের প্রার্থীর একটি বিলবোর্ড ভেঙে জামায়াত নেতা খাজার চায়ের দোকানের পাশে গর্তে ফেলে দেয় অজ্ঞাত ব্যক্তিরা। মঙ্গলবার সকালে বিএনপি নেতাকর্মীরা ঘটনার জন্য জামায়াত নেতা খাজাকে দায়ী করলে উভয় পক্ষের মধ্যে উত্তেজনা সৃষ্টি হয় এবং ধাক্কাধাক্কির ঘটনা ঘটে।

পরবর্তীতে বিষয়টির মীমাংসার জন্য বেলা ১১টার দিকে স্থানীয় এক মোড়ে দুই পক্ষই সমবেত হয়। একপর্যায়ে সেখানে তর্কাতর্কি থেকে সংঘর্ষে রূপ নেয়। এতে উভয় পক্ষের অন্তত ১০ জন আহত হন। স্থানীয়রা আহতদের প্রাথমিক চিকিৎসা দেন।

এই ঘটনায় বিএনপি নেতা আজিজুল ইসলাম বাদী হয়ে ১১ জনের নাম উল্লেখ করে দর্শনা থানায় লিখিত অভিযোগ জমা দেন। কিছুক্ষণ পর জামায়াত নেতা খাজাও ৮ জনকে আসামি করে আরেকটি অভিযোগ দাখিল করেন।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি তদন্ত) সুলতান মাহমুদ বলেন, উভয় পক্ষের অভিযোগ পাওয়া গেছে। তদন্তসাপেক্ষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

দর্শনায় এতিম শিশুর পাখিভ্যান চুরি

চুয়াডাঙ্গার দর্শনা রেল বাজারের দর্শনা জনতা ব্যাংকের সামনে থেকে যাত্রী সেজে এক এতিম শিশুর পাখিভ্যান চুরির ঘটনা ঘটেছে। উপার্জনের একমাত্র সম্বল হারিয়ে দিশেহারা হয়ে পড়েছেন ৪ সদস্যের ভুক্তভোগী পরিবার।

গতকাল মঙ্গলবার দুপুর সাড়ে ১২টার দিকে দর্শনা রেল বাজারের দর্শনা জনতা ব্যাংকের সামনে এ ঘটনা ঘটে।

ঘটনার বিবরণে জানা গেছে, দর্শনা থানার কুড়ালগাছি ইউনিয়নের সদাবরি গ্রামের মৃত আরাফাত মোল্লার ছেলে আকাশ (১৩) সদাবরি গ্রাম থেকে একজন যাত্রী নিয়ে দর্শনার উদ্দেশ্যে রওনা হয়। পথে মধ্যে দর্শনা পুরাতন বাজার থেকে আরেক যাত্রী পাখিভ্যানে ওঠে। ওই দুই যাত্রী দর্শনা রেল বাজারের দর্শনা জনতা ব্যাংকের সামনে নেমে যায়।

পরে এতিম শিশু আকাশকে বলে, আমি একটা জিনিস কিনে দেব, তুমি নিয়ে আসবে। আকাশ সহজ-সরল মনে জনতা ব্যাংকের সামনে পাখিভ্যান রেখে রেল বাজার বটতলায় যায়। কিছুক্ষণ পরে আকাশ এসে দেখে, পাখিভ্যান নেই। একমাত্র উপার্জনের পাখিভ্যান হারিয়ে কিছুতেই কান্না থামছে না আকাশের। এ পাখিভ্যান হারিয়ে দিশেহারা হয়ে পড়েছে আকাশ।

এতিম শিশু আকাশ কোনো উপায় না পেয়ে দর্শনা পুলিশকে খবর দেয়। দর্শনা থানা পুলিশ সাথে সাথে এতিম শিশু আকাশকে নিয়ে পুলিশের গাড়িতে করে খুঁজতে থাকে। তবে পুলিশ সিসি ক্যামেরা দেখে চোরটিকে শনাক্ত করার চেষ্টা চালাচ্ছে।

স্থানীয়রা জানান, কয়েক মাস ধরে বাড়িতে বাড়িতে তালা ভেঙে, দরজার গ্রিল ও টিন কেটে চুরি এবং দোকানেও একই ধরনের চুরির ঘটনা ঘটছে। এছাড়া বাড়ি, রাস্তাঘাটসহ বিভিন্ন জায়গা থেকে পাখিভ্যান, ইজিবাইক, সাইকেল ও মোটরসাইকেলসহ নানা ধরনের মালামাল চুরি হচ্ছে, যা এলাকায় আতঙ্ক সৃষ্টি করছে। স্থানীয়রা প্রশাসনের নজরদারি বাড়ানোর জন্য জোর দাবি জানিয়েছেন।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ মোহাম্মদ শহীদ তিতুমীর বলেন, চুরির ঘটনা শুনেছি, তখন আমি মিটিংয়ে ছিলাম। তবে আমি সাথে

সাথে আমার অফিসার ও ফোর্স পাঠিয়ে বিষয়টি দেখতে বলেছি।

দর্শনায় গলায় ট্যাবলেট আটকে মারা গেল ৫ বছরের শিশু

দর্শনা থানার কুড়ুলগাছি ইউনিয়নে গলায় ট্যাবলেট আটকে রোকসানা আক্তার নামের পাঁচ বছর বয়সী এক শিশুর মৃত্যু হয়েছে। গত মঙ্গলবার রাতে উপজেলার ধান্যঘরা গ্রামে এ ঘটনা ঘটে।

রোকসানা উপজেলার দর্শনা থানার কুড়ুলগাছি ইউনিয়নের ধান্যঘরা গ্রামের টুটুল হোসেনের মেয়ে।

শিশুটির পরিবার সূত্রে জানা গেছে, জ্বরে আক্রান্ত হওয়ায় মঙ্গলবার রাতে রোকসানাকে ট্যাবলেট সেবন করাচ্ছিলেন তার মা। ট্যাবলেটের দুই ভাগের এক ভাগ পানি দিয়ে খাওয়াতে গেলে সেটি শিশুটির গলায় আটকে যায়। এতে অবস্থার অবনতি হলে তাকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেন পরিবারের সদস্যরা। এ সময় সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

স্থানীয় ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান শাহ মো. ফরহাদ হোসেন শিশুটির মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

দর্শনায় কেরুজ বাংলামদসহ একজন গ্রেফতার

দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে ৫১ লিটার কেরুজ বাংলা মদসহ ঈশ্বরচন্দ্রপুরের হাসিবুলকে (৩০) গ্রেফতার করে আদালতে সোপর্দ করেছে।

এ বাংলামদ উর্দ্ধারের পর জনমনে নানা প্রশ্ন জেগেছে হাসিবুলের নিকট ৫১ লিটার কেরুজ বাংলামদ কি ভাবে এল? কোথায় পেল এত মদ?

জানাযায়, গত মঙ্গলবার দর্শনা থানা পুলিশ মাদক বিরোধী অভিযান চালায় দর্শনা বাসষ্ট্যান্ডপাড়া মদন মার্কেটের সৌখিন জুয়েলার্সের সামনে পাকা রাস্তার উপর।

এ সময় পুলিশ ৬টি প্লাস্টিকের কন্টেইনার ও মোটরসাইকেলসহ দর্শনা পৌরসভার ঈশ্বরচন্দ্রপুর দক্ষিন পাড়ার মৃত্য সামসুল ইসলামের ছেলে হাসিবুলকে গ্রেফতার করে।

পরে পুলিশ কন্টেইনার চেক করে ৫১ লিটার কেরুজ বাংলা মদ উদ্ধার করে। গ্রেফতারকৃত হাসিবুলের বিরুদ্ধে মামলাদায়ের পূর্বক মালামালসহ আদালতে সোপর্দ করে পুলিশ। কেরুজ এ বাংলামদ উর্দ্ধারের পর জনমনে প্রশ্ন জাগে হাসিবুল কোথায় পেলো এত বাংলামদ?

কে তার কাছে বিক্রি করার জন্য দিয়ে ছিলো এসব মদ? তবে একটি সূত্র জানিয়েছে, বাংলামদের এচালান ময়মনসিংহ ওয়্যার হাউজ থেকে কেরুজ শ্রমিক নেতার হাত ধরে ঈদের বাজার সামনে রেখে হাসিবুলের নিকট এসেছে এসব অবৈধ্য মালামাল।

হাসিবুলকে রিমাণ্ডে নিয়ে পুলিশি জিজ্ঞাসাবাদ করলে বেরিয়ে পড়বে থলের বিড়াল। কারণ এত মদ ডিস্টিলারী থেকে বের হবার কোন সুযোগ নেই।

তবে ঘটনার পর থেকে সাবেক শ্রমিক নেতা অধ্যাক্ষর ‘শ’ নামের একজন সাবেক শ্রমিক মেম্বরের নাম জোরেসোরে উচ্চারণ হচ্ছে। তাই সচেতন মহলের প্রশ্ন পুলিশ কি হাসিবুলকে রিমাণ্ডে এনে প্রকৃত মদরে মালিকের সন্ধান বের করবেন? তবে পুলিশ এঘটনায় হাসিবুলসহ অজ্ঞাত কয়েকজন কেরুজ শ্রমিক ও কর্মচারী নামে মামলা দায়ের করেছেন।

এ ঘটনায় দর্শনা থানার এস আই মাসুদ বলেন,একজনের নাম উল্লেখ করে ৫/৭ জনের বিরুদ্ধে অজ্ঞাত মামলা দায়ের করা হয়েছে।তবে আমরা খুব শ্রীঘই মৃল আসামীকে গ্রেফতার করবো।

দর্শনায় শহীদ আবু সাঈদ ও মুগ্ধ স্মৃতি ফুটবল টুর্নামেন্টের সেমিফাইনাল ম্যাচ অনুষ্ঠিত

দর্শনা মেমনগরে শহীদ আবু সাঈদ ও মীর মুগ্ধ স্মৃতি ফুটবল টুর্নামেন্টের শেষ সেমিফাইনাল ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। এ ম্যাচে পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন একাদশকে হারিয়ে কেরুজ বয়েজ ক্লাব ফাইনালে উত্তির্ণ হলো।

আজ শুক্রবার বিকালে রামাযুসের আয়োজনে মেমনগর ফুটবল মাঠে সেমিফাইনাল ম্যাচে অংশ নেয় পারকৃষ্ণপুর-মদনা একাদশ বনাম দর্শনা কেরুজ বয়েজ ক্লাব। এ ম্যাচে পারকৃষ্ণপুর-মদনা একাদশকে ২-১ গোলে হারিয়ে বয়েজ ক্লাব জিতে ফাইনাল ম্যাচে উত্তির্ণ হয়েছে। খেলা পরিচালনা করেন ফৈরদৌস হাসান, মনজিত বিশ্বাস ও মোস্তাফিজুর রহমান। ধারাভাষ্যে ছিলেন, হাসান গাজি ও সবুজ। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, কেরুজ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান।

বিশেষ অতিথি ছিলেন, দর্শনা পৌর বিএনপির প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট, কেরুজ চিনিকলের মহাব্যবস্থাপক (অর্থ) আব্দুছ ছাত্তার, মহাব্যবস্থাপক (কারখানা) সুমন সাহা, মহাব্যবস্থাপক (প্রশাসন) আল ফারুক ওমর শরীফ গালিব, মহাব্যবস্থাপক (কৃষি) আশরাফুল আলম ভূইয়া, মহাব্যবস্থাপক (ডিস্টিলারী) রাজিবুল হাসান, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক মোমিন মালিথা। খেলা উপভোগ করতে উপস্থিত ছিলেন, দর্শনা থানার অফিসার ইনচার্জ শহীদ তিতুমীর, সাবেক মহাব্যবস্থাপক (ডিস্টিলারী) ফিদা হাসান বাদশা, শ্রমিক-কর্মচারি ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ, সাধারণ সম্পাদক হাফিজুর রহমান, যুগ্নসম্পাদক মোস্তাফিজুর রহমান, সাবেক ফুটবলার গিয়াস উদ্দিন পিনা, পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়ন বিএনপির সভাপতি শফিউল্লাহ, সাধারণ সম্পাদক আজিবর রহমান, দর্শনা ছাত্রদলের আহ্বায়ক আরাফাত হোসেন, দর্শনা সরকারি কলেজ ছাত্রদলের সদস্য সচিব পলাশ আহমেদ প্রমুখ। সভাপতিত্ব করেন টুর্নামেন্ট কমিটির সভাপতি জহির রায়হান।

সার্বিক তত্বাবধানে ছিলেন, টুর্নামেন্ট কমিটির সাধারণ সম্পাদক লুতফর রহমান, রামাযুসের সভাপতি আব্দুস সাত্তার, স¤পাদক মোস্তাফিজুর রহমান মুক্ত।

সার্বিক সহযোগিতায় ছিলেন, কোষাধ্যক্ষ আব্দুল্লাহ, খায়রুল ইসলাম, জিয়াউর, হাসান, সাইদুর, মাসুদ, সাঈদ, আবু শামা, মাহবুল, সাইফুল, শফিকুল, জুয়েল, মঈনুল হোসেন, আনোয়ার হোসেন, আসান আলী, আশরাফুল আসান, অন্তর, ওয়াসিম, সোনা মিয়া, মাহবুব, সোহাগ ও মনিরুল। উপস্থাপনা করেন জাহান আলী ও লিংকন।

দর্শনায় শহীদ আবু সাঈদ-মীর মুগ্ধ স্মৃতি ফুটবল টুর্নামেন্টর শুভ উদ্বোধন

“খেলা করি, সুস্থ থাকি, খেলাকে পৃষ্ঠপোষক করি ” এই স্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার দর্শনায় শহীদ আবু সাঈদ -মীর মুগ্ধ স্মৃতি আন্তজেলা ফুটবল টুর্নামেন্টর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার বিকাল ৪ টার দিকে দর্শনা মেমনগর মাধ্যমিক বিদ্যালয় মাঠে রামাজুস ক্লাবের উদ্যোগে এ ফুটবল টুর্নামেন্টের উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে টুর্নামেন্টের শুভ উদ্বোধন করেন জেলা বিএনপি’র সংগ্রামী সদস্য সচিব শরিফুজ্জামান শরীফ।

টুর্নামেন্ট পরিচালনা কমিটির সভাপতি জহির রাহানের সভাপতিত্বে সংক্ষিপ্ত আলোচনা সভায় খেলার উদ্বোধক ও প্রধান অতিথি শরীফ বলেন, আজকের প্রজন্মকে সামাজিক অবক্ষয়ের হাত থেকে রক্ষা করতে এ ধরনের বড় আন্তজেলা টুর্ণামেন্টের আয়োজন করতে হবে। ইতিপূর্বেও আমরা দেখেছি দর্শনার মানুষ একটু বেশি খেলা প্রেমি। খেলাধুলা একদিকে যেমন যুবসমাজকে মনশীলতার বিকাশ ঘটায় অন্যদিকে শরীর সুস্থ ও সবল রাখে।

এছাড়া তিনি বলেন, ফ্যাসিবাদ সরকার পতনের আন্দোলনে বন্দুকের গুলির সামনে যারা বুক পেতে দিয়ে শহীদ হয়েছে তাদের স্মরণে এ ধরনের আন্তজেলা ফুটবল টুর্নামেন্টের আয়োজন করাই দর্শনা রামাজুস

ক্লাবের সকল সদস্যদের জানায় আন্তরিক ধন্যবাদ। আলোচনা শেষে প্রধান অতিথি ও দলীয় নেতাকর্মীরা পতাকা উত্তোলন শান্তির প্রতীক পায়রা উড়িয়ে ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, না থানা বিএনপির সভাপতি খাজা আবুল হাসনাত, দর্শনা পৌর বিএনপি’র প্রধান সমন্বয়ক ও জেলা বিএনপির সদস্য হাবিবুর রহমান বুলেট, জেলা বিএনপির সদস্য রাফিত উল্লাহ মহলদার, দর্শনা থানা বিএনপির সাধারণ সম্পাদক আহম্মেদ আলী, দর্শনা পৌর বিএনপির সমন্বয়ক কমিটির সদস্য নাহারুল ইসলাম মাস্টার, জেলা যুবদলের সহ-সাধারণ সম্পাদক একরামুল হক, জেলা স্বেচ্ছাসেবক দলের সহ-সভাপতি এহসানুল হক স্বরাজ, জেলা যুবদলের সদস্য নাসির উদ্দিন খেদু, সেলিমুল হাবীব, লুৎফর রহমান, রেজাউল করিম, দর্শনা থানা যুবদলের যুগ্ন আহবায়ক মোস্তাফিজুর রহমান মোহন, পৌর যুবদলের সদস্য ব্রাইট, জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক মমিনুর রহমান মালিতা, যুগ্ম সাধারণ সম্পাদক আমানুল্লাহ, জেলা ছাত্রদলের সহ-সভাপতি শরিফুল ইসলাম টোটন, জেলা ছাত্রদলের যুগ্ম সম্পাদক সম্পাদক আরিফ আহমেদ শিপলব, জেলা ছাত্রদলের সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক ইমরান হোসেন, ৬ নং ওয়ার্ড বিএনপি সভাপতি আজিজুল হক, রামাজুস ক্লাবের সভাপতি সাত্তার, সাধারণ সম্পাদক মোস্তাফিজুর রহমান মুক্তা, থানা ছাত্রদলের সদস্য ফরজান হোসেন, সুজন ইসলাম, পলাশ আহমেদ মোফাজ্জল হোসেন মোফা, দর্শনা পৌর ছাত্রদলের আহ্বায়ক আরাফাত হোসেন, সাবেক জাতীয় ফুটবল টিমের খেলোয়ার গিয়াস উদ্দিন পিনা।

উত্তেজনাকর খেলার ফলাফল যশোর জেলা ফুটবল খেলোয়ার কল্যাণ সমিতি ২ গোলে জীবননগর আলোকিত ফুটবল একাডেমিকে পরাজিত করে। প্রধান রেফারি ছিলেন একরামুল হাসান নিপুন সরকারি রেফারি সুভাষচন্দ্র বিশ্বাস ও আলো।

দর্শনায় কেরুজ চিনিকলে ১০৪ জন

স্থায়ীভাবে শ্রমিক-কর্মচারীরা নিয়োগ

দেশের দক্ষিণ-পশ্চিম অঞ্চলের সর্ববৃহৎ প্রতিষ্ঠান চুয়াডাঙ্গা জেলার একমাত্র ভারী শিল্প প্রতিষ্ঠান দর্শনা কেরু এ্যান্ড কোম্পানী। এ প্রতিষ্ঠানটি ৪ টি কমপ্লেক্স মিলে এ প্রতিষ্ঠানটি গঠিত।

এ প্রতিষ্ঠানে দীর্ঘদিন ধরে স্থায়ী লোকবল সংকট থাকায় দীর্ঘ ১ যুগ পর ৫ টি চিনিকল মৌসুমী থেকে স্থায়ী করনের সুযোগ পায়। গত ১৪ মার্চ নীতিমালা তৈরি করে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের সদর দপ্তরে পাঠায়। তারপর সদর দপ্তর ২৫ মার্চ শৃন্যপদ পৃরন করার জন্য দরখাস্ত করার আহব্বান জানান।

পরে কেরু এ্যান্ড কোম্পানি ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন ৫ সদস্য কমিটি গঠন করে ২ এপ্রিল স্থায়ী করন নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করে।২৪ এপ্রিল সদর দপ্তরের প্রতিনিধি সাইফুল আলম যাচাই বাচাই করেন।পরে ১৩ ও ১৪ নিয়োগ পরিক্ষা অনুষ্টিত হয়।নিয়োগ পরিক্ষায় অংশ নেয় প্রায় ১৪০ জন শ্রমিক কর্মচারী। ।

গত ১৫ মে সকাল ১১ টার দিকে ১০৯ জনের বিজ্ঞপ্তিতে উল্লেখ থাকলেও ৫ টি পদে কোন লোকবল না থাকায় ৫ টি পদ শৃন্য রেখে ১০৪ জন শ্রমিককে স্থায়ী নিয়োগ প্রদান করেন।হঠাৎ করে ১৫ মে সন্ধা ৬ টার দিকে বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন বিএসএফআইসি’র অধীনে সকল চিনিকল প্রতিষ্ঠানে চলমান মৌসুমি জনবল থেকে স্থায়ী সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত করার আদেশ দেন সচিব বিএসএফআইসি চৌধুরী রুহুল আমিন কায়ছার। তার আগে শ্রমিক কর্মচারীরা যোগদানের চিঠি হাতে পেয়ে স্ব স্ব কর্মস্থলে যোগদান করে। যোগদানের পরে ১০৪ শ্রমিকদের মাঝে আনন্দ উল্লাস করতে থাকে।ঐদিনই বাংলাদেশ চিনি খাদ্য শিল্প কর্পোরেশন নিয়োগ স্থগিতের চিঠি আসাতে অন্যআন্য মিলের শ্রমিকরা হতাশা বিরাজ করলেও কেরুর শ্রমিক কর্মচারীদের মধ্যে দেখা গেছে আনন্দ উল্লাস করতে। শ্রমিকরা বলেন দীর্ঘ ১ যুগ পর ১০৪জন মৌসুমী শ্রমিক ও কর্মচারীরা দীর্ঘ ১৫/২০ বছর পর সিজেনাল মৌসুমি থেকে স্থায়ী নিয়োগ পেয়েছে গত ১৫ মে রবিবার সকাল ১১ টার দিকে। তাদেরকে নিয়োগ প্রদান করে কেরু এ্যান্ড কোম্পানির

বিভিন্ন দপ্তরে যোগদান করে।

দীর্ঘদিন ধরে গ্রান্ড কোম্পানির শ্রমিক কর্মচারীরা ইতিপূর্ব ৩ বার নিয়োগ পরীক্ষা ব্যাহত হয়েছে । এবার চাকরিতে যোগদান করে স্বস্তির নিঃশ্বাস ছাড়ে শ্রমিক ও কর্মচারীরা। তারা দীর্ঘদিন ধরে পরিবার পরিজন নিয়ে কষ্টে ছিলো। কেরু এ্যান্ড কোম্পানীর গ্যারেজ সুপারফাইজার মিজানুর রহমান কান্না জড়িত কন্ঠে গণ মাধ্যম কর্মীদের বলেন, আমি ২০০১ সাল থেকে সিজেনাল মৌসুমি চাকুরী করে আসছি, দীর্ঘ ২৩ বছর ধরে ছেলে মেয়ে নিয়ে কোন রকম সংসার চালিয়ে এসেছি। শেষ সময়ে পদোন্নতি পেলাম,আমার আর সাড়ে ৭ মাস চাকুরী আছে।আমার পদোন্নতি পেয়ে আমি খুব খুশি হয়েছি এবং কেরু কতৃপক্ষ ও শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি ও সাধারন সম্পাদককে ধন্যবাদ জানিয়েছি।

আউট ষ্টেশন ক্যান গার্ড আবুল কাশেম,চাকুরীর শেষ সময়ে স্থায়ী হলাম সাড়ে তিন বছর চাকুরি আছে তাতেও আমিও খুশি।
আউট ষ্টেশন ক্যান গার্ড শহিদুল ইসলাম

এল ডি সেটিংস ২৬ বছর পর, পদোন্নতি পেলেন, আতিয়ার রহমান, ১৪ বছর পর পদন্নোতি পেলাম।

মৌসুমি ক্রয় করনিক, শান্তি মিয়া, ১৪ বছর পর স্থায়ী পদোন্নতি পায়। মুক্তিযোদ্ধা সন্তান মতিয়ার রহমান, ড্রাইভার, দীর্ঘ ১৪ বছর পর স্হায়ী হয়। মুক্তিযোদ্ধা সন্তান, জাহাঙ্গীর, বদরুল, নৃরুল আমিন, রাজু আহম্মে মতিয়ার রহমান, জুবাইদা নাহার এ্যানি ও নাজেরা বেগমসহ ১৫/২০ জন মুক্তিযোদ্ধাকে স্থায়ী করন করে।

তারা আরও বলেন, আমাদের অনেক দিনের কষ্টের ফসল,খেয়ে না খেয়ে ডিউটি করছি এখন আমাদের স্থায়ী হওয়াতে আমার সব কষ্ট দৃর হয়ে গেছে।

এ প্রতিষ্ঠানটিতে রয়েছে প্রায় ১৪ শ শ্রমিক-কর্মচারী। এ সমস্ত শ্রমিক-কর্মচারী সহ এলাকার প্রায় ২০ হাজার পরিবারে জীবিকা নির্বাহ করে থাকে এই প্রতিষ্ঠানটি। আইনি জটিলতার কারনে দীর্ঘদিন স্থায়ী নিয়োগ না হওয়ায় প্রতিষ্ঠানির বিভিন্ন বিভাগে প্রায় দেড় শতাধীক শুণ্য পদ তৈরী হয়। এতে প্রতিষ্ঠানটির কার্যক্রম বিঘ্নিতসহ শ্রমিক-কর্চারীদের মধ্যে সৃষ্টি হয় হতাশা।

প্রতিষ্ঠানটির সার্বিক দিক বিবেচনা করে সকল আইনি জটিলতা কাটিয়ে চুয়াডাঙ্গা-২আসন সংসদ সদস্য আলী আজগার টগর ও প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেনের সহ শ্রমিক

কর্মচারী ইউনিয়নের একান্ত প্রচেস্টায় ১০৪ জন শ্রমিক-কর্মচারীর স্থায়ীকরণ করে। এসমস্ত মৌসুমী শ্রমিক-কর্মচারীদের ভাগ্য পরিবর্তন হওয়ায় তাদের পরিবারের মাঝে বইছে উৎসবের আমেজ।

কেরুজ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মোশারফ হোসেন বলেন, নিয়ম মাফিক প্রতিষ্ঠানে ১০৯ টি শুন্য পদের জন্য গত ১৩ ও ১৪ মে সকালে কেরু হাইস্কুলে শ্রমিক-কর্মচারীদের স্থায়ী নিয়োগ পরিক্ষা অনুষ্ঠিত হয়। এ নিয়োগ পরিক্ষায় প্রায় ২শ শ্রমিক কর্মচারী অংশ নেয়। পরে ওই দিনই যাচায়-বাচাঁয় করে চুড়ান্ত ভাবে ১ ০৯জনের স্থাায়ী বিজ্ঞপ্তি প্রকাশ হয়। সংশিষ্ট পদে লোক না থাকায় ৫ টি পদ বাকি রেখে বিজ্ঞপ্তি প্রকাশ ১০৪ জন শ্রমিক-কর্মচারীকে স্থায়ী করণ করা হয়। গত ১৫ মে সকালে সদ্য স্থায়ী করণ শ্রমিক-কর্মচারী প্রতিষ্ঠানে যোগদান করে। পরে সন্ধায় বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন সচিব নিয়োগ স্থগিতে আদেশ দেন,তার আগেই শ্রমিক কর্মচারীরা যোগদান করে।

এ বিষয়ে শ্রমিক কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহম্মেদ সবুজ বলেন,আমরা বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনের অনুমোদনে আমরা এ স্থায়ী নিয়োগ সম্পর্ন করেছি।

এ বিষয়ে শ্রমিক কর্মচারী ইউনিয়নের সাধারন সম্পাদক মাসুদুর রহমান মাসুদ বলেন,২০/২৫ বছর ধরে শ্রমিকরা চাকুরী করে যাচ্ছে তাদেন কোন পদোন্নতি হয়না। তাই সবার প্রোচেষ্টায় গত ১৫ মে ১০৪ জন শ্রমিককে স্থায়ী করন করা হয়েছে। স্বচ্ছতা না থাকলে যাদের ৭ মাস, কারও ২ বছর সাড়ে তিন বছর তাদের স্থায়ী হত না। এবং মুক্তিযোদ্ধা সন্তাদের অগ্র অধিকার দিয়ে এ স্থায়ী করনের নিয়োগ সম্পর্ন করা হয়েছে।

দর্শনায় এক সপ্তাহের মধ্যে দুইটি সরকারি প্রতিষ্ঠানের

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

নাই।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা বলেন, চুরির ঘটনা জানতে পেরে থানা পুলিশের একটি টিম ঘটনাস্থল পরিদর্শন করেছে। এ ঘটনার সাথে জড়িতদের ধরতে পুলিশ অভিযান অব্যাহত রয়েছে।

দর্শনায় রাজবাড়ির দু’মাদক ব্যবসায়ী ফেনসিডিল সহ গ্রেফতার

দর্শনায় মাদক পাচারকালে রাজবাড়ির দু’মাদক ব্যাবসায়ীকে ফেনসিডিল সহ গ্রেফতার করেছে পুলিশ। রোববার সন্ধা সোয়া ৬ টার দিকে তাদেরকে ৩০ বোতল ফেনসিডিল সহ গ্রেফতার করেন দর্শনা থানাধীন রামনগর বটতলা মোড়স্থ আ.লীগ অফিসের সামনে পাকা রাস্তার উপর হতে। এসময় তাদের দখলে থাকা একটি মটরসাইকেল উদ্ধার সহ জব্দ করা হয়।

গ্রেফতারকৃতরা রাজবাড়ী জেলার পাংশা উপজেলার কুড়াপাড়ার আজমল বিশ্বাসের ছেলে সুমন বিশ্বাস (২৭) ও একই উপজেলার মাওরাট (মৌরাট) এলাকার কুদ্দুস শেখের ছেলে মুসতাকিম শেখ (২২)। তাদেরকে দর্শনা থানার এসআই নীতিশ বিশ্বাস, এএসআই সানোয়ার হোসনে সহ সঙ্গীয় ফোর্স অভিযান চালিয়ে গ্রেফতার করেন।

এ সংক্রান্ত বিষয়ে গ্রেফতারকৃতদের বিরুদ্ধে দর্শনা থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজু করা হয়েছে।